CENTRAL LIBRARY N.C.COLLEGE

**2020/TDC(CBCS)/ODD/SEM/
BNGHCC–501T/368**

**TDC (CBCS) Odd Semester Exam., 2020
held in March, 2021**

# BENGALI

**( 5th Semester )**

Course No. : BNGHCC–501T

**( বিশ শতকের বাংলা সাহিত্য—২ )**

*পূর্ণমান* : ৭০

*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## SECTION—A

১। যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

(ক) বিষ্ণু দে-র কবিতায় কোন্ পাশ্চাত্য কবির প্রভাব পড়েছে? 'ঘোড়সওয়ার' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত? ১+১=২

(খ) সুভাষ মুখোপাধ্যায়ের প্রথম কাব্যগ্রন্থটির নাম কী এবং এর প্রকাশকাল কত? ১+১=২

(গ) শক্তি চট্টোপাধ্যায়ের দুটি কাব্যগ্রন্থের নাম লেখো। ২

(ঘ) শূন্যস্থান পূর্ণ করো : ২

"স্বপ্ন নয়, কোন এক _____ কাজ করে!
_____ নয়—শান্তি নয়—ভালোবাসা নয়।"

CENTRAL LIBRARY N.C.COLLEGE



(ঙ) 'অশনি-সংকেত' উপন্যাসটির প্রকাশকাল এবং কোন্ পত্রিকায় তা প্রথম প্রকাশিত হয়েছে, লেখো। ১+১=২

(চ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের লেখা তোমাদের পাঠ্য উপন্যাস ছাড়া অন্য দুটি উপন্যাসের নাম লেখো। ২

(ছ) অনঙ্গ-বৌয়ের ছেলে দুটির নাম লেখো। ২

(জ) "দূর! রেখে দাও ওদের সব গাঁজাখুরি কথা। চাল পাওয়া যাবে না, নুন পাওয়া যাবে না, তবে দুনিয়া পৃথিমে লোক বাঁচতে পারে কক্‌খনো?" কে, কাকে এই উক্তি করেছে? ১+১=২

(ঝ) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের প্রথম উপন্যাসের নাম কী? তাঁর স্বদেশচেতনামূলক একটি উপন্যাসের নাম লেখো। ১+১=২

(ঞ) নিতাই কোন্ বংশের ছেলে ছিল? কে তাকে 'জাত-বংশ' তুলে তীক্ষ্ণতম ব্যঙ্গের আঘাতে বিদ্ধ করেছে? ১+১=২

(ট) কোন্ রেলস্টেশনে, কোন্ নাচের দলের সঙ্গে কবির সম্পর্ক ঘটেছিল? ১+১=২

(ঠ) "চাঁদ তুমি আকাশে থাক আমি তোমায় দেখব খালি।" কাকে লক্ষ্য করে, কে এই গানটি গেয়েছিল? ১+১=২

(ড) 'সাজানো বাগান' নাটকটি কত খ্রিস্টাব্দে, কোথায় প্রথম অভিনীত হয়েছিল? ১+১=২

(ঢ) মনোজ মিত্রের লেখা তোমাদের পাঠ্য নাটক ছাড়া অন্য দুটি পূর্ণাঙ্গ নাটকের নাম লেখো। ২





(ণ) "এ শালার বগলে বৌ ... ও শালার বগলে নারকেল! ... দুই গুয়োর ব্যাটায় মিলে এই সন্‌ঝেবেলা আমাকে কি দোটানায় ফেলল রে!" কার উক্তি? এখানে 'বৌ' বলতে কাকে বোঝানো হয়েছে? ১+১=২

(ত) "এখনও বাগান সাজাচ্ছো! গাছ পুঁতছো! ও গাছের ফল খাবে কে?" কে, কাকে এই কথা বলেছিল? ১+১=২

(থ) মহাশ্বেতা দেবী সাহিত্য জগতে কোন্ ছদ্মনামে আত্মপ্রকাশ করেন? তাঁর সম্পাদিত পত্রিকাটির নাম কী? ১+১=২

(দ) মহাশ্বেতা দেবীর 'ভাত' গল্পটি কোন্ পত্রিকায়, কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়? ১+১=২

(ধ) 'সংরক্ষণ' গল্পে কোন্ গাছের গন্ধে যূথপতি আক্রোশে উন্মাদ হয়ে যায়? এই গল্পে কোন্ উপজাতির কথা উল্লিখিত হয়েছে? ১+১=২

(ন) "কঙ্কালের গলা থেকে অতি যত্নে ও রূপোর হারটা খুলল।" এই কঙ্কালের পরিচয় কী? কোন্ স্যাকরা এই হারটি গড়েছিল? ১+১=২

## SECTION—B

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ১০×৫=৫০

২। "'ঘোড়সওয়ার' কবিতাটিতে রয়েছে 'বিদ্রোহ-প্রেম-প্রত্যাশা'র বহুমাত্রিক ব্যঞ্জনা।" আলোচনা করো।

৩। "সকল লোকের মাঝে ব'সে
আমার নিজের মুদ্রাদোষে
আমি একা হতেছি আলাদা?"

যুগের সংশয়ী মানবাত্মার একাকিত্ব থাকার যন্ত্রণা জীবনানন্দের 'বোধ' কবিতা অবলম্বনে আলোচনা করো।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৪। মন্বন্তরের যে নির্মম বাস্তবচিত্র 'অশনি-সংকেত' উপন্যাসে আলোকচিত্রের মতো ফুটে উঠেছে তা তোমার নিজের ভাষায় বিবৃত করো।

৫। 'অশনি-সংকেত' উপন্যাসের নামকরণের সার্থকতা যুক্তি সহকারে বিচার করো।

৬। "অন্ত্যজ শ্রেণির নিতাইয়ের কবি হয়ে ওঠার কাহিনিই তারাশঙ্করের 'কবি' উপন্যাসের মূল বিষয়বস্তু।" আলোচনা করো।

৭। 'কবি' উপন্যাসে ব্রাত্য জীবনের যে ছবি ফুটে উঠেছে তার পরিচয় দাও।

৮। 'সাজানো বাগান' নাটকের বাঞ্ছারাম চরিত্রটি নাট্যগুণ-সমন্বিত চরিত্র কিনা আলোচনা করে দেখাও।

৯। "'সাজানো বাগান' এমন একটি নাটক যেখানে বক্তব্যের অন্তঃসলিলা স্রোতে ভাসতে ভাসতে দর্শকের মনে অজান্তেই গভীর ভাব প্রোথিত হয়।" 'সাজানো বাগান' নাটক অবলম্বনে সমালোচকের এই বক্তব্য বিশদ করো।

১০। "লছমন সিং ও দুলন গঞ্জু—এই দুটি বিপরীত চরিত্রের দ্বন্দ্ব-সংঘাতকে কেন্দ্র করে 'বিছন' গল্পের কাহিনি গড়ে উঠেছে।" আলোচনা করো।

১১। একদিকে পিতৃত্বের আশা-আকাঙ্ক্ষা, অন্যদিকে রাজনৈতিক চক্রান্তে গড়ে ওঠা বিপন্নতা—এই দুই সম্মিলিত সংঘাতে দশরথের মর্মদাহ 'পিণ্ডদান' গল্প অবলম্বনে আলোচনা করো।

★★★

10-21—670/**270**

2020/TDC(CBCS)/ODD/SEM/
BNGHCC-501T/368